

বহমান.....

কামরুল মান্নান আকাশ



চরাচর তখনো ঘুমের অতলে
হঠাৎ ভাঙিল ঘুম কাহার পরশে।
চোখ মেলে দৃষ্টি ফেলিনু দখিনা বাতায়নে
উদিত রবির রক্তিম আভা তখনো গগনে।

শিয়রে দাঁড়ায়ে পুত্র আমার
সাথে কন্যাসহ দ্বারা পরিবার।
একে একে তারা চুমে দিল গাল
গভীর মমতায় নীরব ক্ষণকাল।
কণ্ঠ জড়ায়ে ধরে বলে আমায়
জন্মদিন শুভ হোক বাবা তোমার।

কত দিন কত কাল, বাব-মা আমার
চলে গেছেন ছেড়ে ইহকাল।
যাবার বেলায় বলেছিলেন কেঁদো না পুত্র আমার
আমরা যে বেঁচে থাকব সন্তানে তোমার।
সে কথাই যেন আজ হল সত্য
সন্তানের মাঝে মাতা পিতার ভালবাসায় হলাম সিক্ত !